

কালের কণ্ঠ

আপডেট : ৩ এপ্রিল, ২০১৮ ০১:০৫

বিসিআইসি'র সার কারখানাগুলোতে উৎপাদন বৃদ্ধির সুপারিশ



কৃষিখাতে প্রয়োজন অনুযায়ী সার সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের (বিসিআইসি) সার কারখানাগুলোতে উৎপাদন বৃদ্ধির জন্য মন্ত্রণালয়কে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের সুপারিশ করেছে শিল্প মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। সোমবার জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত বৈঠকে চিনিকলগুলোকে লাভজনক করার লক্ষ্যে বছরের অধিক সময় উৎপাদনে থাকার জন্য আর্থ চাষীদেরকে বিভিন্ন প্রশিক্ষণ দিয়ে আখের উৎপাদন বৃদ্ধিরও সুপারিশ করা হয়েছে।

বৈঠকে সভাপতিত্ব করেন কমিটির সভাপতি ওমর ফারুক চৌধুরী। উপস্থিত ছিলেন কমিটি সদস্য মো. আব্দুর রাজ্জাক, মো. আহসানুল হক চৌধুরী, ফাতেমা তুজ্জুহুরা, শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, বিসিক এবং বিসিআইসি'র চেয়ারম্যানসহ মন্ত্রণালয় ও জাতীয় সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তারা।

বৈঠকে চিনিকলগুলোতে মাঠ থেকে আখের সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট এলাকার রাস্তা সংস্কারের জন্য মন্ত্রণালয়কে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের সুপারিশ করা হয়। কমিটি সূত্রে জানা যায় “বাংলাদেশ শিল্প প্রতিষ্ঠান জাতীয়করণ বিল ২০১৭” এবং “সুগার বিল ২০১৮” নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় বিল দু’টিতে প্রয়োজনীয় সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্ধন শেষে জাতীয় সংসদে পাসের জন্য

উত্থাপনের সুপারিশ করেছে কমিটি।

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স :

০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com